# ২০২০ শিক্ষাবর্ষে ৮টি অনুষদের অধীনে ২৩ টি স্নাতক ডিগ্রীতে

# ভর্তি নির্দেশিকা

## সংক্ষিপ্ত পরিচিতি

**চ্যান্সেলর**
মো. আব্দুল হামিদ
মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

**ভাইস-চ্যান্সেলর**
প্রফেসর ড. মু. আবুল কাসেম

### ১. নামকরণ

১৯৯৯ সালের ১১ সেপ্টেম্বর তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ভিত্তিপ্রস্তর স্থাপনের মাধ্যমে উত্তরাঞ্চলের প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু করেন। দেশের উত্তর জনপদের বিশিষ্ট কৃষকনেতা ও তেভাগা আন্দোলনের পথিকৃত মরহুম হাজী মোহাম্মদ দানেশ এর নামানুসারে এ প্রতিষ্ঠানের নামকরণ করা হয়েছে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সংক্ষেপে হাবিপ্রবি বা HSTU)।

### ২. অবস্থান

দিনাজপুর শহর হতে ১০ কিলোমিটার উত্তরে 'ঢাকা-রংপুর-দিনাজপুর মহাসড়ক' সংলগ্ন বাঁশের হাট নামক স্থানে অবস্থিত। প্রায় ৮৫ একর এলাকা জুড়ে এবং বহু প্রজাতির উদ্ভিদসমৃদ্ধ সবুজে ঘেরা এ বিশ্ববিদ্যালয়ের দৃষ্টিনন্দন ক্যাম্পাসটি বিস্তৃত।

### ৩. শিক্ষার মাধ্যম

যুগের চাহিদানুযায়ী এবং আন্তর্জাতিক পরিমন্ডলে দেশের জনসম্পদের গ্রহণযোগ্যতা বাড়াতে শিক্ষার মাধ্যম ইংরেজি করা হয়েছে।

### ৪. শিক্ষা পদ্ধতি

কোর্স ক্রেডিট সেমিষ্টার সিস্টেম প্রবর্তন করা হয়েছে। এতে প্রতি শিক্ষাবর্ষে ২টি সেমিষ্টার (জানুয়ারী-জুন এবং জুলাই-ডিসেম্বর) এবং ১টি শর্ট সেমিষ্টার (জানুয়ারিতে) রয়েছে। এছাড়া, অনুসরণ করা হয় একাডেমিক ক্যালেন্ডার। অধিকন্তু, পরীক্ষা শেষের মাত্র ২ সপ্তাহের মধ্যে ফলাফল প্রকাশ করা হয়।

### ৫. ক্রেডিট আওয়ার

প্রতি সেমিস্টারে সপ্তাহ প্রতি ৫০মিনিটের ১টি তত্ত্বীয় ক্লাশ ১ ক্রেডিট আওয়ার হিসেবে বিবেচিত হয়। পক্ষান্তরে, ব্যবহারিক ক্লাশের ক্ষেত্রে প্রতি সেমিস্টারে সপ্তাহে অনুরূপ ৩টি ক্লাশ সর্বোচ্চ ২ ক্রেডিট আওয়ার হিসেবে বিবেচিত হয়।

### ৬. সেমিস্টার বিন্যাস ও নম্বর বন্টন

প্রতিটি সেমিস্টারের বিন্যাস নিম্নরূপ

| বিষয় | ন্যূনতম সময়(সপ্তাহ) |
|---|---|
| ক্লাস | ১৪ |
| ফাইনাল পরীক্ষার প্রস্তুতির সময় | ২ |
| ফাইনাল পরীক্ষা | ৩ |
| ফলাফল প্রকাশ | ২ |
| | মোট = ২১ সপ্তাহ |

প্রতিটি কোর্সের নম্বর বন্টন নিম্নরূপ-

| বিষয় | নম্বর বন্টন(%) |
|---|---|
| ক্লাসে উপস্থিতি | ১০ |
| কুইজ পরীক্ষা/ক্লাস টেস্ট | ১০ |
| মিড সেমিস্টার পরীক্ষা | ২০ |
| ফাইনাল পরীক্ষা | ৬০ |
| | মোট = ১০০(%) |

প্রতিটি কোর্সে ক্রেডিট আওয়ারের সংখ্যার সম সংখ্যক কুইজ পরীক্ষা অনুষ্ঠিত হবে। অর্থাৎ ২ ক্রেডিট আওয়ারের প্রতিটি বিষয়ে ২ টি এবং ৩ ক্রেডিট আওয়ারের প্রতিটি বিষয়ে ৩ টি করে কুইজ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

### ৭. গবেষণাগার

ব্যবহারিক ক্লাসের জন্য বিভিন্ন বিভাগে গবেষণাগার রয়েছে।

### ৮. ছাত্র-ছাত্রী নিবাস (ডরমিটরী / হল)

ছাত্রদের জন্য ৪টি এবং ছাত্রীদের জন্য ৩টি ডরমিটরী (হল) আছে। বর্তমানে আসন খালি না থাকায় ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রীকে আবাসন সুবিধা দেওয়া যাবে না। এ ছাড়াও বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য একটি আন্তর্জাতিক ডরমেটরী রয়েছে। বিশ্ববিদ্যালয়ে বর্তমানে প্রায় ২০০ জন বিদেশী শিক্ষার্থী অধ্যয়ন করছে।

### ৯. গ্রন্থাগার

আধুনিক সুযোগ সুবিধাসহ একটি গ্রন্থাগার রয়েছে। এতে প্রায় ২৫ হাজার টাইটেলের বই আছে। এ ছাড়াও প্রায় ৫০০০ই-বুক্স অ্যান্ড ই- জার্নাল পড়ার সুযোগ রয়েছে।

## ১০. এম.এস. এবং পিএইচ.ডি. কার্যক্রম

বর্তমানে এগ্রিকালচার এবং ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স অনুষদের বিভিন্ন বিভাগে এমএস ও পিএইচডি ডিগ্রী, ফিসারিজ, সি এস ই ও বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগে এম.এস এবং বি.এস অনুষদের অধীনে এমবিএ ও ইভিনিং এমবিএ ডিগ্রী প্রদানের কার্যক্রম চলছে। পর্যায়ক্রমে অন্যান্য অনুষদের বিভিন্ন বিভাগেও এসকল কার্যক্রম শুরু হবে।

## ১১. গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম

বিভিন্ন বিভাগ ও অনুষদের মাধ্যমে নিয়মিত গবেষণা পরিচালিত হয়। এছাড়াও ইন্‌স্টিটিউট অভ্ রিসার্চ অ্যান্ড টেনিং (আই.আর.টি.)-এর মাধ্যমে প্রশিক্ষন ও গবেষণা কার্যক্রম চালু আছে।

## ১২. অনুষদসমূহ

১. কৃষি
২. কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং
৩. বিজনেস স্টাডিজ
৪. ফিসারিজ
৫. ইঞ্জিনিয়ারিং
৬. ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স
৭. বিজ্ঞান
৮. সোস্যাল সায়েন্স অ্যান্ড হিউম্যানিটিস
৯. পোস্ট গ্র্যাজুয়েট

## ১৩. খেলাধুলা, শরীরচর্চা ও বিনোদন

৩টি খেলার মাঠ, ১টি উন্নত ব্যায়ামাগার ও ২টি আধুনিক মিলনায়তন (৫০০ ও ২০০ আসনের ) আছে।

## ১৪. জার্নাল

এ বিশ্ববিদ্যালয় থেকে নিয়মিতভাবে Journal of Science and Technology নামে একটি বৈজ্ঞানিক Journal (ISSN 1994-0386) প্রকাশিত হয়ে আসছে।

## ১৫. সমঝোতা স্মারক স্বাক্ষর (এমওইউ)

চীন, জাপান, কোরিয়া ও যুক্তরাজ্যসহ দেশ, বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক রয়েছে। এতে ঐসকল প্রতিষ্ঠানের সাথে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে যোগাযোগ প্রতিষ্ঠা হয়েছে।

## ১৬. অধিভুক্ত কলেজ

শহীদ আকবর আলী বিজ্ঞান ও প্রযুক্তি কলেজ, বালিয়াডাঙ্গি,ঠাকুরগাঁও।

## ১৭। অনুষদভিত্তিক ডিগ্রীর বিবরণ :

আটটি অনুষদ থেকে ৪ বছর মেয়াদী ২১ টি এবং ৫ বছর মেয়াদী ২ টি (ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স ও আর্কিটেকচার) ডিগ্রী দেওয়া হয়। এদের বিবরণ ও আসনসংখ্যা নিম্নরূপ :

**অনুষদ সম্পর্কীয় বিবরণঃ**

| অনুষদ | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাশকৃত বিষয় | ডিগ্রী | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১। কৃষি<br>২। ফিসারিজ<br>৩। ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স | পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান এবং গণিত/কৃষি বিজ্ঞান। | বি.এসসি এজি (অনার্স) | ৩৭৫ |
| | | বি.এসসি ফিসারিজ (অনার্স) | ১১০ |
| | | ডি.ভি.এম. | ১০০ |
| কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং | পদার্থ, গণিত ও রসায়ন। | বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং | ৭০ |
| | | বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ইন ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ৭০ |
| | | বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ইন ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৭০ |
| বিজনেস স্টাডিজ | **বাণিজ্য গ্রুপঃ** একাউন্টিংসহ অন্য যেকোন ২ টি ঐচ্ছিক বিষয়।<br>**বিজ্ঞান গ্রুপঃ** পদার্থ, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান/কৃষিবিজ্ঞান।<br>**মানবিক গ্রুপঃ** মানবিক বিভাগের | বি.বি.এ. ইন একাউন্টিং এন্ড ইনফরমেশন সিসটেমস | ৭০ |
| | | বি.বি.এ. ইন ফিন্যান্স | ৭০ |
| | | বি.বি.এ. ইন ম্যানেজমেন্ট | ৭০ |
| | | বি.বি.এ. ইন মার্কেটিং | ৭০ |

| | | | |
|---|---|---|---|
| | বিষয়সমূহ। | | |
| ইঞ্জিনিয়ারিং | পদার্থ, গণিত ও রসায়ন। | বি.এসসি. ইন ফুড অ্যান্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং | ৬০ |
| | | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ৬০ |
| | | বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৫০ |
| | | বি.এসসি. ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ৫০ |
| ইঞ্জিনিয়ারিং (আর্কিটেকচার) | পদার্থ, গণিত ও রসায়ন। | ব্যাচেলর অব্ আর্কিটেকচার | ৩৫ |
| বিজ্ঞান | পদার্থ,গণিত ও রসায়ন। | বি.এসসি. (অনার্স) রসায়ন | ৭৫ |
| | | বি.এসসি. (অনার্স) পদার্থ | ৭৫ |
| | | বি.এসসি. (অনার্স) গণিত | ৮০ |
| | | বি.এসসি. (অনার্স) পরিসংখ্যান | ৮০ |
| সোস্যাল সায়েন্স অ্যান্ড হিউম্যানিটিস | সকল গ্রুপের (বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক) ছাত্র/ছাত্রীর জন্য প্রযোজ্য | বি.এ (অনার্স), ইংরেজি | ১০৫ |
| | | বি.এস.এস (অনার্স) অর্থনীতি | ১০৫ |
| | | বি.এস.এস (অনার্স) সমাজ বিজ্ঞান | ১০৫ |
| | | বি.এস.এস (অনার্স) ডেভেলপমেন্ট স্টাডিজ | ৫০ |
| | | সর্বমোট | ২০০৫ |

## ১৮। সংরক্ষিত আসন

ক) **মোট আসনের অতিরিক্ত হিসেবে** মুক্তিযোদ্ধা কোটায় ৫%, আদিবাসী/উপজাতিদের জন্য ১%, এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের জন্য ১%, সরকারী নির্দেশনা মোতাবেক শুধুমাত্র বিকেএসপি থেকে পাশ করা ছাত্র-ছাত্রীদের মধ্যে থেকে মোট ৫ টি আসন ,প্রতিবন্ধী কোটায় ০১ জন এবং বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য মোট ৮০ টি আসন সংরক্ষিত আছে।

## ১৯। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক) ২০১৮ ও ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাশকৃত শিক্ষার্থীরা শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। ২০১৬ সালের পূর্বে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের অযোগ্য।

খ) প্রার্থীকে বাংলাদেশের যেকোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় গ্রেড পদ্ধতিতে ৫ এর স্কেলে প্রতিটিতে কমপক্ষে ৩.৫ সহ মোট জিপিএ ৭.০ থাকতে হবে। এগ্রিকালচার, ফিসারিজ ও ভেটেরিনারী অ্যান্ড এনিম্যাল সায়েন্স অনুষদের বেলায় চতুর্থ বিষয়ে ন্যূনতম 'C' গ্রেড থাকতে হবে। বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড থাকতে হবে।

'O' এবং 'A' লেভেল পাশকৃতদের জন্য 'O' লেভেলে পাঁচটি বিষয়ে গড়ে কমপক্ষে 'B' গ্রেড এবং 'A' লেভেলে পদার্থ, রসায়ন,গণিত, জীববিজ্ঞান/কৃষি বিজ্ঞানের মধ্যে তিনটি বিষয়ে গড়ে কমপক্ষে 'C' গ্রেড পেতে হবে।

## ২০। স্বাস্থ্য পরীক্ষা

শুধুমাত্র ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ডাক্তার দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করতে হবে।

## ২১। ভর্তির কার্যক্রম

- নির্বাচিত প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষার মূল সার্টিফিকেট, মূল গ্রেডশীট, এইচ.এস.সি./সমমানের পরীক্ষার সার্টিফিকেট/প্রসংসাপত্র, মূল গ্রেডশীট, সাম্প্রতিক তোলা সাত কপি পাসপোর্ট সাইজ এবং পাঁচ কপি ষ্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি ও প্রার্থী সর্বশেষ যে প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে, তার প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র অবশ্যই জমা দিতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে ভর্তির পূর্বে কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত তারিখ অনুযায়ী পছন্দক্রম ফরম পূরণ করা হবে এবং সে অনুযায়ী বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তি করানো হবে।

- সংরক্ষিত আসনে ভর্তির জন্য মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানি এর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র, দাদা-দাদী/নানা-নানীর সাথে সম্পর্কের প্রত্যয়নপত্র এবং যাদের সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানা গরমিল আছে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যায়নপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ইউ.এন.ও/পৌর মেয়র/ইউনিয়ন কাউন্সিল চেয়ারম্যান এর নিকট হতে প্রত্যায়নপত্র গ্রহণ করে জমা দিতে হবে।প্রার্থীদের মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সার্টিফিকেট এবং হাবিপ্রবিতে কর্মরতদের সন্তানের (পোষ্য) ক্ষেত্রে রেজিষ্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র অবশ্যই জমা দিতে হবে। প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর / সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রতিবন্ধী প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- উপজাতি/আদিবাসীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রত্যয়নপত্র অবশ্যই জমা দিতে হবে। খেলোয়াড় কোটার ক্ষেত্রে বিকেএসপির কর্তৃক যথাযথ সনদপত্র জমা দিতে হবে।
- কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে নির্ধারিত দিনে উপস্থিত থাকতে হবে।

## ২২। ভর্তিসহ আনুষাঙ্গিক ফি

### ক) কেন্দ্রীয়ভাবে আদায়যোগ্য ফি

১। ভর্তির সময়ে এককালীন ফি =৬,০০০/- ( রেজিস্ট্রেশন ফি সহ)
২। বিদেশী ছাত্রদের জন্য এককালীন ভর্তি ফি =৯,৫০০/-
৩। ছাত্র কল্যান ট্রাষ্ট ফি =৫০০/-
৪। প্রতি সেমিস্টারে অনুষদীয় ফি =১০০/-

**৫। প্রথম সেমিস্টারের (৬ মাসের) জন্য আদায়যোগ্য ফি**

**i) বিভিন্ন অনুষদের জন্য কোর্স ফি (প্রতি ক্রেডিট আওয়ারের জন্য ১৫০/- টাকা হারে)**

| ক্রমিক নং | অনুষদ ও ডিগ্রি | টাকা |
|---|---|---|
| ১. | **এগ্রিকালচার (কৃষি) অনুষদ** | |
| | ক) বি.এসসি.এজি (অনার্স) | ২৮৫০/- |
| ২. | **কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অনুষদ** | |
| | ক) বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং | ২৫৮৮/- |
| | খ) বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ইন ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ২৯২৫/- |
| | গ) বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ইন ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৩০০০/- |
| ৩. | **বিজনেস স্টাডিজ অনুষদ** | ২৭৭৫/- |
| | **ক) বিবি.এ. ইন একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস** | |
| | **খ) বিবি.এ. ইন ফিন্যান্স** | |
| | **গ) বিবি.এ. ইন ম্যানেজমেন্ট** | |
| | **ঘ) বিবি.এ. ইন মার্কেটিং** | |
| ৪. | **ইঞ্জিনিয়ারিং অনুষদ** | |
| | ক) বি.এসসি. এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ২৭০০/- |
| | খ) বি.এসসি. ফুড অ্যান্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং | ২৮৫০/- |
| | গ) ব্যাচেলর অব আর্কিটেকচার | ৩০৭৫/- |
| | ঘ) বি.এসসি. সিভিল ইঞ্জিনিয়ারিং | ৩০৩৮/- |
| | ঙ) বি.এসসি. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ২৮৮৮/- |
| ৫. | **ফিসারিজ অনুষদ** | |
| | **ক) বিএসসি ফিসারিজ (অনার্স)** | ২৭৭৫/- |
| ৬. | **ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স অনুষদ** | |
| | **ক) ডি.ভি.এম** | ২৭০০/- |
| ৭. | **বিজ্ঞান অনুষদ** | |
| | ক) বি.এসসি. (অনার্স) রসায়ন | ২৭৭৫/- |
| | খ) বি.এসসি. (অনার্স) পদার্থ বিজ্ঞান | ২৭৭৫/- |
| | গ) বি.এসসি. (অনার্স) গণিত | ২৭৭৫/- |
| | ঘ) বি.এসসি. (অনার্স) পরিসংখ্যান | ২৭০০/- |
| ৮. | **সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদ** | |
| | ক) বি.এ (অনার্স) ইংরেজি | ২২৫০/- |
| | খ) বি.এস.এস (অনার্স) অর্থনীতি | ২৪৭৫/- |
| | গ) বি.এস.এস. (অনার্স) সমাজ বিজ্ঞান | ২৯২৫/- |
| | ঘ) বি.এস.এস. (অনার্স) ডেভেলপমেন্ট স্টাডিজ | ২৩২৫/- |

ii) সকল অনুষদের জন্য সাধারণ ফি

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ১ | বিদ্যুৎ ফি (প্রতি মাসের জন্য ২৫টাকা হারে) ৬ x ২৫/- | ১৫০/- |
| ২ | পরিবহন ফি (প্রতি মাসের জন্য ১৫টাকা হারে) ৬ x ১৫/- | ৯০/- |
| ৩ | কেন্দ্রীয় সংসদ ফি | ১০০/- |
| ৪ | কেন্দ্রীয় ক্রীড়া ফি | ৫০/- |
| ৫ | ছাত্রকল্যাণ ফি | ২৫/- |
| ৬ | এনরোলমেন্ট ফি | ৭৫/- |
| ৭ | কেন্দ্রীয় কমনরুম ফি | ৭৫/- |
| ৮ | মিড সিমেস্টার পরীক্ষার ফি (তত্ত্বীয় ও ব্যবহারিক) | ২০০/- |
| ৯ | সিমেস্টার ফাইনাল পরীক্ষার ফি (তত্ত্বীয় ও ব্যবহারিক) | ৩০০/- |
| ১০ | ট্রান্সক্রিপ্ট ফি / গ্রেড সীট | ৭০/- |
| ১১ | প্রবেশপত্র ফি | ২৫/- |

| | | |
|---|---|---|
| ১২ | কেন্দ্র ফি | ২০০/- |
| ১৩ | পরিচয়পত্র ফি | ৫০/- |
| ১৪ | অনুষদীয় ফি | ৮০০/- |
| ১৫ | রোভার স্কাউট ফি | ৪৫/- |
| ১৫ | বিবিধ | ১৫/- |
| | (দুই হাজার দুইশত সত্তর টাকা মাত্র) | মোট = ২২৭০/- |

## খ) ডরমিটরী (হল) কর্তৃক আদায়যোগ্য ফি

### i) আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য ফি

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ১ | ডরমেটরীর ভর্তি ফি (এককালীন) | ৫০০/- |
| ২ | ডরমিটরী সংস্থাপন ফি (মাসপ্রতি ৩০ টাকা হারে) ১২ x ৩০ | ৩৬০/- |
| ৩ | ডরমিটরী সেসন ফি | ১৫০/- |
| ৪ | তৈজসপত্র ফি | ১০০/- |
| ৫ | ডরমিটরী সংসদ ফি | ১০০/- |
| ৬ | ডরমিটরী কমনরুম ফি | ১২০/- |
| ৭ | ইনডোর গেমস ফি (মাসপ্রতি ১০ টাকা হারে) ১০ x ১২ | ১২০/- |
| ৮ | সমাজকল্যাণ ফি (মাসপ্রতি ৫টাকা হারে) ৫ x ১২ | ৬০/- |
| | (এক হাজার পাঁচশত দশ টাকা মাত্র) | মোট = ১,৫১০/- |

### ii) অনাবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য প্রদেয় ফি

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ১ | ডরমেটরীর এটাচমেন্ট ফি (এককালীন) | ৫০০/- |
| ৫ | ডরমিটরী সংসদ ফি | ১০০/- |
| ৭ | ইনডোর গেমস ফি (মাসপ্রতি ১০ টাকা হারে) ১০ x ১২ | ১২০/- |
| ৮ | সমাজকল্যাণ ফি (মাসপ্রতি ৫টাকা হারে) ৫ x ১২ | ৬০/- |
| | ডরমেটরী সেসন ফি | ১৫০/- |
| | (নয়শত ত্রিশ টাকা মাত্র) | মোট = ৯৩০/- |

## ২৩ ভর্তি বাতিল

ক) ভর্তি সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.hstu.ac.bd/admission) যথাসময়ে প্রকাশ করা হবে । মোবাইল ফোন ব্যবহার করেও তথ্য জানা যাবে ।

খ) প্রার্থী কর্তৃক উপস্থাপিত তথ্যে কোন ভুল পরে ধরা পড়লে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির ন্যূনতম যোগ্যতা ছিল না, সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর লিখিত নির্বাচনী পরীক্ষার ফলাফল বাতিল করা হবে। এমনকি,শিক্ষা বোর্ড কর্তৃক যাচাইয়ের মাধ্যমে সনদপত্র ও নম্বরপত্রে কোন জালিয়াতি পাওয়া গেলে ভর্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

খ) ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র এবং ভর্তির মূল ফরমে একই ছবি ও একই স্বাক্ষর না থাকলে ভর্তি বাতিল হবে।

## ২৪। ভর্তি সংক্রান্ত আইন সংশোধন, পরিবর্তন ইত্যাদি

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনে যেকোন আইন সংশোধন, সংযোজন বা পরিবর্তনের ক্ষমতা রাখে।

**২৫। ওরিয়েন্টেশনের তারিখ: ১৯-০১-২০২০ ইং (সম্ভাব্য)**

**২৬। ক্লাস শুরুর তারিখ: ২০-০১-২০২০ ইং**

২৭। অনুসন্ধানঃ

(০৫৩১) ৬৫৪২৯ অফিস
৬১৩৬৬ ডীন, কৃষি অনুষদ
৫১১৩৫ ডীন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদ
৫১৭৩৯ ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ
৬১৩৪৭ ডীন, ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স অনুষদ
৫১৭৩৪ ডীন, ফিসারিজ অনুষদ
৫১৭৩৫ ডীন, ইঞ্জিনিয়ারিং অনুষদ
৬৬৮০৩ ডীন, বিজ্ঞান অনুষদ
৬৬৪৮৮ ডীন, সোস্যাল সায়েন্স অ্যান্ড হিউমিনিটিস

৬১৩৫৫ রেজিস্ট্রার
৫১০১৮ পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা)
৫১০১৭ প্রক্টর
৫১৭৩৬ পিআরও

- সাপ্তাহিক ছুটি শুক্র ও শনিবার।
- **বর্তমানে আবাসিক হল সমূহে আসন খালি না থাকায় ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রীকে আপাতত আবাসন সুবিধা দেয়া যাবে না।**

২২/১২/১৯

সচিব, ভর্তি কমিটি-২০২০
ও
রেজিস্ট্রার, হাবিপ্রবি, দিনাজপুর।

২২.১২.২০১৯

(প্রফেসর ড. মু. আবুল কাসেম)
সভাপতি, ভর্তি কমিটি-২০২০
ও
ভাইস-চ্যান্সেলর, হাবিপ্রবি, দিনাজপুর।